

Surname											Other Names										
Centre Number							Candidate Number														
Candidate Signature																					

For Examiner's Use

General Certificate of Education
June 2008
Advanced Subsidiary Examination



BENGALI
Unit 1 Responsive Writing

BEN1

Thursday 15 May 2008 9.00 am to 12 noon

For this paper you must have:

- the text for Section 1 on an insert (enclosed).

Time allowed: 3 hours

Instructions

- Use black ink or black ball-point pen.
- Fill in the boxes at the top of this page.
- Answer **all** questions.
- You must answer the questions in the spaces provided. Answers written in margins or on blank pages will not be marked.
- Do all rough work in this book. Cross through any work you do not want to be marked.

Information

- The maximum mark for this paper is 100.
- The marks for questions are shown in brackets.
- You must **not** use a dictionary at any time during this examination.
- You should note that the quality of your written language in both Bengali and English will be taken into account when awarding marks.
- If you need extra paper, use the Additional Answer Sheets.
- This unit is divided into three parts.

Section 1 40 marks
Section 2 15 marks
Section 3 45 marks

Advice

- You should try to use your own words as much as possible and to write as accurately and neatly as possible.

For Examiner's Use			
Section	Mark	Section	Mark
1			
2			
3			
Total (Column 1) →			
Total (Column 2) →			
TOTAL			
Examiner's Initials			



১ বিভাগ

১. 'জীবন যেখানে যেমন' লেখাটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাও। উত্তর দেওয়ার সময়ে উপরের লেখাটির কোনো অংশ হুবহু উদ্ধৃত করবে না।

ক. বিছানায় শুয়ে শুয়ে মুকুল কি ভাবছিলো?

(1 mark)

- খ. মুকুল কিভাবে দেশী ও বিদেশী জীবনের তুলনা করেছে? দুটি দেশের এবং দুটি বিদেশের উদাহরণ দাও।

দেশের জীবন

.....

.....

বিদেশের জীবন

.....

.....

(4 marks)

- গ. কি কি কারণে মুকুল হতাশ হয়েছে? (তিনটি বিষয় লেখো।)

.....

.....

(3 marks)



ঘ. লুইস দেখতে কেমন? (দুটি বিষয় লেখো)

.....

.....

(2 marks)

ঙ. লেখাপড়া চালিয়ে যাওয়ার জন্যে লুইস কি কি করে? (দুটি বিষয় লেখো।)

.....

.....

(2 marks)

চ. গ্রেন্ড সম্পর্কে লুইসের মন্তব্যে মুকুল কি ভাবলো? (তিনটি বিষয় লেখো।)

.....

.....

.....

(3 marks)

Turn over for the next question

২. 'জীবন যেখানে যেমন' লেখাটিতে ব্যবহৃত নিচের শব্দগুলি দিয়ে তোমার নিজের ভাষায় ৫টি বাক্য লেখো।
(‘জীবন যেখানে যেমন’ লেখাটির বাক্য তুলে দিলে চলবে না।)

- এগিয়ে যাওয়া
- অথচ
- হেঁচট খাওয়া
- সন্তোষ
- হতবাক হওয়া

ক.

.....

খ.

.....

গ.

.....

ঘ.

.....

ঙ.

.....

(5 marks)

৩. ‘জীবন যেখানে যেমন’ লেখাটিতে ব্যবহৃত নিচের বিশেষ্যগুলিকে বিশেষণে পরিণত করো। তারপর সেই বিশেষণ দিয়ে বাক্য তৈরি করো।

	বিশেষ্য	বিশেষণ	বাক্য
উদাহরণ	হতাশা	হতাশ	পরীক্ষায় ভালো গ্রেড না পাওয়ায় সে হতাশ হয়েছে।
ক.	শিক্ষা		
খ.	মন		
গ.	দেশ		
ঘ.	সময়		
ঙ.	চিন্তা		

(5 marks)

5

৪. “জীবন যেখানে যেমন” গল্পটির তথ্য অনুযায়ী নিচের বাক্যগুলি সত্য, মিথ্যা, নাকি এই লেখায় এসব বাক্যের কোনো উল্লেখ নেই? ঠিক ঘরে টিক (✓) দিয়ে দেখাও:

	বাক্য	সত্য	উল্লেখ নেই	মিথ্যা
ক.	মুকুল ভাবছিলো এ দেশের জীবনটা কী একঘেয়ে আর নিঃসঙ্গ!			
খ.	কতোদিন হস্টেলের ছাদে দাঁড়িয়ে সে সূর্যাস্ত দেখেনি।			
গ.	মুকুল অনেক দিন ভেবেছে, ইউনিভার্সিটিতে গিয়ে লুইসকে খুঁজবে।			
ঘ.	সে ছোটবেলায় স্বপ্ন দেখতো, বিদেশে গিয়ে উচ্চশিক্ষা নেবে।			
ঙ.	মুকুল ঠিক করলো লুইসের কথা ভেবে জীবনটাকে এগিয়ে নেবে।			

(5 marks)

5

৫. নিচে মাঝখানকার কলামে যে-সব শব্দ বা শব্দ-সমষ্টি আছে, “জীবন যেখানে যেমন” লেখাটিতে ব্যবহৃত শব্দ বা শব্দ-সমষ্টি দিয়ে সেগুলি বদল করো। কিন্তু এমনভাবে বদল করবে, যাতে অর্থের কোনো পরিবর্তন না-হয়। নিচে প্রথমে একটি উদাহরণ দেওয়া আছে।

	শব্দ / শব্দ-সমষ্টি	“জীবন যেখানে যেমন” লেখায় ব্যবহৃত শব্দ / শব্দ-সমষ্টি
উদাহরণ	একই ক্লাসের ছাত্র/ছাত্রী	সহপাঠী
ক.	কষ্ট করে যা অর্জন করা	
খ.	সূর্য ডোবা	
গ.	প্রতিফলন	
ঘ.	সঙ্গবিহীন	
ঙ.	উচ্চাকাঙ্ক্ষা	

(5 marks)

5

৬. নিচে দ্বিতীয় কলামে যে-শব্দগুলি আছে, সেগুলির বিপরীত শব্দ লেখো। তারপর সেই বিপরীত শব্দ দিয়ে বাক্য তৈরি করো। বিপরীত শব্দগুলি “জীবন যেখানে যেমন” গল্প থেকে নেওয়ার দরকার নেই। প্রথমে একটি উদাহরণ দেওয়া আছে।

	শব্দ	বিপরীত শব্দ	বাক্য
উদাহরণ	সামনে	পেছনে	আমাদের বাড়ির পেছনে একটি বড়ো খেলার মাঠ আছে।
ক.	একঘেয়ে		
খ.	বিদেশ		
গ.	পরিচিত		
ঘ.	হাল্কা		
ঙ.	শহর		

(5 marks)

5

Total

40



Turn over for the next question

**DO NOT WRITE ON THIS PAGE
ANSWER IN THE SPACES PROVIDED**

Turn over ►



২ বিভাগ

৭. নিচের লেখাটি ইংরেজিতে অনুবাদ করো।

বিকালে কোনো ক্লাস না-থাকায় জেবা তাড়াতাড়ি বাড়ি ফিরলো। বাড়িতে ঢুকেই দেখতে পেলো বাবা আর মা ওর জন্যে খাবার টেবিলে অপেক্ষা করছেন। মায়ের হাতে ধরা একটি চিঠি। দেশ থেকে মামা লিখেছেন, জেবাকে নিয়ে দেশে যেতে। মা হাসিমুখে বললেন, “হাত-মুখ ধুয়ে খেতে এসো। তোমার সঙ্গে কথা আছে।” কি ব্যাপার! জেবা কিছু বুঝতে না-পেরে নিজের ঘরে ঢুকলো। কাপড় বদলালো। হাতমুখ ধুলো। তারপর খাবার টেবিলে ফিরে এলো। ইতিমধ্যে বাবার খাওয়া শেষ হয়ে গেছে। উনি ট্র্যাভেল এজেন্টকে ফোন করলেন। “তোমার মামা তোমার বিয়ে ঠিক করেছেন দেশের একটি ছেলের সঙ্গে। ছেলেটি উকিল। আর বৃটেনে এসে আইন বিষয়ে আরও লেখাপড়া করতে চায়। তাই তোমার সঙ্গে বিয়ে হলে তার আশা পূরণ হবে।” মা থামলেন। জেবা হতবাক! তার এ লেভেল পরীক্ষা আগামী মাসে আর এখনই বিয়ে! এ-ও কি সম্ভব?

(15 marks)

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....



c. তুমি পয়লা বৈশাখ উপলক্ষে অনুষ্ঠিত চলচ্চিত্র উৎসবে গিয়ে একটি বাংলা ফিল্ম দেখেছো। ফিল্মটির কোন কোন দিক তোমার ভালো লেগেছে এবং কোন কোন দিক তোমার ভালো লাগেনি – এ সম্পর্কে তোমার মতামত দিয়ে অন্তত ২০০ শব্দে স্থানীয় পত্রিকায় একটি রিপোর্ট লেখো।

বাংলা নববর্ষ উপলক্ষে লন্ডন, লীডস, ম্যানচেস্টার এবং বার্মিংহাম শহরের অডিয়ন সিনেমা হলগুলোতে বাংলাদেশ ও কলকাতায় নির্মিত আটটি বাংলা চলচ্চিত্র ও টেলিফিল্ম দেখানো হবে। আপনারা সপরিবারে এই চলচ্চিত্র উৎসবে যোগ দিন এবং উপভোগ করুন। টিকিটের জন্যে আপনার কাছাকাছি অডিয়ন সিনেমা হলে যোগাযোগ করুন।

(45 marks)

This image shows a blank sheet of white paper with horizontal dotted lines. The lines are evenly spaced and run across the width of the page, providing a guide for handwriting or typing. There are no margins, text, or other markings on the page.



This image shows a blank sheet of white paper with horizontal dotted lines. The lines are evenly spaced and run across the width of the page, providing a guide for handwriting practice. There are no margins, text, or other markings on the paper.

END OF QUESTIONS

General Certificate of Education
June 2008
Advanced Subsidiary Examination

BENGALI
Unit 1 Responsive Writing

BEN1



Insert

Text for use with **Section 1**

Text for use with Section 1

জীবন যেখানে যেমন

ইউনিভার্সিটি হস্টেলের ছোট রুমের বিছানায় শুয়ে দেশের অনেক কথাই ভাবছিলো মুকুল। কতোদিন হয়ে গেলো ধানমণ্ডি লেকের ধারে বসে অথবা নিউ মার্কেটের সামনে দাঁড়িয়ে বন্ধুদের সঙ্গে আড্ডা মারা হয়নি। কতোদিন বারান্দায় দাঁড়িয়ে পড়ন্ত বিকালের সূর্যাস্ত দেখা হয়নি কিংবা সন্ধ্যারাতে ছাদে বসে চা খাওয়া হয়নি। এখন তার সময় কোথায়! পরীক্ষার পড়া, বাজার করা এবং রান্না থেকে শুরু করে সব কাজই নিজ হাতে করতে হচ্ছে। এ কাজের যেন আর শেষ নেই। অথচ তার পরেও মনে হয় জীবনটা কী একঘেয়ে আর নিঃসঙ্গ!

মুকুল বুঝতে পারলো, কেন সে এতো হতাশায় ভুগছে। কারণ গতকাল সে একটা পরীক্ষার খেঁড় পেয়েছে। খেঁড় খুবই খারাপ হয়েছে। মনটা ভেঙে গেছে। বাবা-মায়ের কষ্টার্জিত অর্থে যে টিউশন ফী দেওয়া হয়েছে, তার পুরোটাই পানিতে ডুবে গেলো। তা ছাড়া, পুরো এক টার্ম পিছিয়ে পড়লো। প্রতিদিন বাস-ট্রেনের ভিড়ে চ্যাপটা হয়ে আধ মাইল হেঁটে ক্লাসে যাওয়া-আসা সব কিছুই অর্থহীন হয়ে গেলো। তার নিজের শহর ঢাকা ছেড়ে, কষ্ট করে এই বিদেশে পড়ে থাকার ফলাফলটা কি দাঁড়ালো? সব দোষ তার। সে স্বপ্ন দেখতো, বিদেশে গিয়ে উচ্চশিক্ষা নেবে। কিন্তু জীবনের এই প্রতিযোগিতায় সে যেন হোঁচট খেয়ে পড়েছে!

মুকুল অনেক দিন ভেবেছে, তার পরিচিতদের মধ্যে এমন একজনকে খুঁজে বের করবে যার সঙ্গে কথা বললে, পরামর্শ করলে মনটা ভালো হয়। কিন্তু কোথায় সে? সামনের টার্মের রেজিস্ট্রেশনের জন্যে অনিচ্ছা সত্ত্বেও তাকে ইউনিভার্সিটিতে যেতে হলো। হঠাৎ সহপাঠী লুইসের সঙ্গে দেখা। লুইস আফ্রিকান। তার কথাবার্তা জড়ানো। ইংরেজি উচ্চারণও অন্য রকম। চেহারাটা বেশ লম্বা ও রোগাপাতলা। আলাপে আলাপে জানা গেছে, তার বাবা নেই আর মা বিয়ে করে অন্যত্র চলে গেছে। খুবই অভাবে লুইসের জীবন কেটেছে। একটা ফাস্ট ফুডের দোকানে কাজ করে সে টার্মের ফী জমায়।

লুইস হাত তুললো, ‘হ্যালো, মুকুল!’ সঙ্গে সম্ভবত ওর গার্ল ফ্রেন্ড। দুজনের হাতে ম্যাকডোনাল্ডের ব্যাগার আর ড্রিঙ্কস। সে খেতে খেতে বললো, ‘আমি একটা স্টুপিড, এক মাত্র আমিই “সি” পেয়েছি। অন্য সবাই ভালো খেঁড় পেয়েছে। আমি আমার টিউটরকে চ্যালেঞ্জ করেছি, কারণ আমি এ রকম খেঁড় পেতেই পারি না।’

লুইসের হাসি দেখে মুকুল হতবাক হয়ে গেলো। ফাস্টফুডের দোকানে পরিশ্রম করে পয়সা জমিয়ে যে পড়তে এসেছে, সে ‘সি’ খেঁড় পেয়েও বান্ধবীকে নিয়ে ফুর্তি করছে, জীবনটাকে উপভোগ করে বেড়াচ্ছে। আর মুকুল? সে স্থির করলো, আর হতাশা নয়। দৃঢ় মনোবল আর উচ্চাশা নিয়ে জীবনের পথে এগিয়ে যাবে। যদি হোঁচট খায়, তা হলে লুইসের কথা চিন্তা করবে, মন ভালো হয়ে যাবে।